# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 05-06-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ‘অপারেশন সিন্দুর’-এ ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য তাঁদের ধন্যবাদ জানিয়ে রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হচ্ছে।

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনে প্রার্থী পদ প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হয়েছে। ওই কেন্দ্রে ভোটগ্রহণ ১৯-শে জুন।

২) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাজ্যে বিশ্ব পরিবেশ দিবস উদযাপিত হচ্ছে। বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে।

৩) গ্রামাঞ্চলে নিকাশি জঞ্জাল অপসারণ সহ সামগ্রিক পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার মিশন নির্মল বাংলা প্রকল্পের মত একাধিক প্রকল্প হাতে নিচ্ছে।

৪) ঈদ উল আজহা উপলক্ষ্যে ভারত বাংলাদেশের মধ্যে সংযোগকারী পেট্রাপোল-বেনাপোল সীমান্ত দিয়ে আমদানি রপ্তানী ১০ দিন বন্ধ থাকছে।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় ঝড় বৃষ্টি চলছে। কয়েকটি জেলায় হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

------------------------------------------------------------------------

‘অপরেশন সিন্দুর’-এ ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য তাঁদের ধন্যবাদ জানিয়ে রাজ্য বিধানসভায় একটি প্রস্তাব আনা হচ্ছে। আগামী মঙ্গলবার ১০ই জুন বিধানসভার বাদল অধিবেশনের দ্বিতীয় দিনে সরকারি এই প্রস্তাব নিয়ে দু’ঘন্টা আলোচনা হবে। রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বিধানসভার অধিবেশন শুরুর আগে আজ প্রথা মাফিক সর্বদলীয় বৈঠকের পর একথা জানান।

উল্লেখ্য, সোমবার ৯’ই জুন থেকে বিধানসভার পরবর্তী অধিবেশন শুরু হচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, দ্বিতীয় দিন ওই আলোচনায় অংশ নিতে পারেন বলে অধ্যক্ষ জানিয়েছেন।

এদিকে, প্রধান বিরোধী দল বিজেপি তাদের ঘোষিত অবস্থান অনুযায়ী আজকের সর্বদলীয় বৈঠক বয়কট করেন। তবে আইএসএফ-এর একমাত্র বিধায়ক নওশাদ সিদ্দিকি বৈঠকে উপস্থিত ছিলেন। বিধানসভার অধিবেশনে বিজেপি মুর্শিদাবাদ ও মালদার একাধিক এলাকায় সাম্প্রতিক অশান্তি নিয়ে আলোচনার জন্য প্রস্তাব আনার পরিকল্পনা করেছে। সেই প্রসঙ্গে সাংবাদিকদে প্রশ্নের উত্তরে অধ্যক্ষ জানান, বিধিমাফিক প্রস্তাব এলে তা বিবেচনা করা হবে।

------------------------

দলের নতুন কার্যালয় উদ্বোধন সহ একাধিক কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামী সোমবার, ৯ই জুন দিল্লি যাচ্ছেন। তৃণমূল কংগ্রেস সূত্রে খবর প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের বকেয়া নিয়ে ফের আলোচনা করার জন্য মুখ্যমন্ত্রীর দফতর থেকে সময় চাওয়া হয়েছে। একশো দিনের কাজ ও আবাস প্রকল্প সহ একাধিক কেন্দ্রীয় প্রকল্পের পাওনা টাকা এখনও মেলেনি বলে তৃণমূলের দাবি।

দিল্লি সফরে থাকাকালীন তাঁর তৃণমূল কংগ্রেসের নতুন দলীয় দফতরের উদ্বোধন করারও কথা। সফরে আরও কিছু প্রশাসনিক ও দলীয় কর্মসূচি রয়েছে বলে জানা গিয়েছে।

-------------------------

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনে প্রার্থী পদ প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হয়েছে। ওই কেন্দ্রে ভোট নেওয়া হবে ১৯-শে জুন, গণনা ২৩-শে জুন।

এদিকে উপ-নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে তিনজন পর্যবেক্ষক নিয়োগ করেছে নির্বাচন কমিশন। সাধারণ পর্যবেক্ষক হিসেবে IAS শেষমণি পান্ডে, পুলিশ পর্যবেক্ষক হিসেবে ভূপেন্দ্র সাহু এবং নির্বাচনী ব্যয় পর্যবেক্ষক হিসেবে ডক্টর শশাঙ্ক ওঝা নিযুক্ত হয়েছেন।

অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণের জন্য ২০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীও মোতায়েন করা হচ্ছে।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস বিধায়ক নাসিরুদ্দিন আহমেদের মৃত্যুতে আসনটি শূন্য হয়। তাঁর মেয়ে আলিফা আহমেদকেই প্রার্থী করেছে তৃণমূল কংগ্রেস।

বিজেপি-র প্রার্থী হয়েছেন আশিষ ঘোষ। এছাড়াও কংগ্রেস প্রার্থী করেছে কাবিলউদ্দিন শেখ-কে। বামফ্রন্ট এই কংগ্রেস প্রার্থীকে সমর্থন করবে বলে জানিয়েছে।

রাজ্য সরকার এই উপ-নির্বাচনের দিন সেখানকার সব সরকারি, আধা সরকারি ও বেসরকারী সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভোটের দিন সবেতন ছুটি ঘোষণা করেছে।

-------------------------

সেবা, সুশাসন ও গরিব কল্যাণের নীতিকে সামনে রেখে গত এক দশকে ভারত এক অসাধারণ রূপান্তরের সাক্ষী থেকেছে। আকাশবাণী সংবাদ–এর বিশেষ প্রতিবেদনে আজ তুলে ধরা হচ্ছে গত ১১ বছরে সরকারের বিভিন্ন প্রধান খাতে নেওয়া উদ্যোগ। আজকের বিষয় — শিক্ষা যা ভারতের অমৃত পীঢ়ি—অর্থাৎ নব প্রজন্মের ক্ষমতায়নের মূল চাবিকাঠি। আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট Kashfin Nahar

ভারত আজ শুধু তার নবপ্রজন্মকে পড়তে-লিখতেই শেখাচ্ছে না, তাদের বড় স্বপ্ন দেখতে এবং কখনও না থেমে দ্রুত এগিয়ে যেতে শেখাচ্ছে।

------------------------

একটি সম্প্রদায়কে নিয়ে সামাজিক মাধ্যমে আপত্তিকর পোস্ট করার অভিযোগে গার্ডেনরিচ থানার পুলিশের হাতে ধৃত আইনের ছাত্রী শর্মিষ্ঠা পানোলিকে অন্তর্বর্তী জামিন মঞ্জুর করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজা বসু চৌধুরী আজ তাঁর পর্যবেক্ষণে জানিয়েছেন, গত ২২শে মে নিম্ন আদালত থেকে শর্মিষ্ঠার বিরুদ্ধে যে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়, তা' অত্যন্ত যান্ত্রিকভাবে করা হয়েছে। সেখানে উল্লিখিত একাধিক ত্রুটি তদন্ত হওয়া প্রয়োজন। আজ ১০ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে এই অন্তর্বর্তী জামিন মঞ্জুরের পাশাপাশি বেশ কিছু শর্ত আরোপ করা হয়েছে। পাসপোর্ট জমা রাখা ছাড়াও, রাজ্য সরকারকে তদন্তের কাজে সহযোগিতা করতে হবে। রাজ্য বা দেশের বাইরে যেতে গেলে, লাগবে পুলিশী অনুমতি।

অন্যদিকে পুলিশকে'ও শর্মিষ্ঠাকে সবরকম সহায়তা দিতে হবে বলে হাইকোর্ট নির্দেশ দিয়েছে।

-------------------------

পুলিশ আধিকারিককে কদর্য ভাষায় আক্রমণের ঘটনায় অবশেষে আজ বোলপুর SDPO দপ্তরে হাজিরা দেন বীরভূমের তৃণমূল কংগ্রেস নেতা অনুব্রত মন্ডল। এর আগে শারীরিক অসুস্থতার কারণ দেখিতে দুবার পুলিশী তলব এড়ান তিনি। তাঁর বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয়েছে৷ তদন্তকারী আধিকারিকরা অনুব্রতকে জিজ্ঞাসাবাদ করেন।

পরে দলীয় নির্দেশ মেনে অনুব্রত অবশ্য লিখিতভাবে ক্ষমা চান। তবে, গোটা ঘটনায় চক্রান্তের’ও অভিযোগ তোলেন তিনি।

এদিকে, মুখ্যমন্ত্রীর প্রশ্রয় আছে বলেই অনুব্রতর বিরুদ্ধে পুলিশ কোনো পদক্ষেপ নিতে পারছে না বলে অভিযোগ করেছে বিজেপি। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, পুরো ব্যাপারটিই পরিকল্পিত।

বাইট

কংগ্রেসের অধীর রঞ্জন চৌধুরীও অনুব্রতর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। পুলিশের নিরাপত্তা যদি বিঘ্নিত হয় তাহলে সাধারণ মানুষ কোথায় নিরাপদে থাকবে সেই প্রশ্নও তোলেন তিনি।

উল্লেখ্য, অনুব্রত এবং বোলপুর থানার আই সি-র ফোনে কথোপকথনের একটি অডিও ক্লিপ সমাজ মাধ্যমে ছড়িয়ে পড়ে। সেখানে অত্যন্ত কদর্য ভাষায় ওই আধিকারিককে আক্রমণ করতে শোনা যায়।

-------------------------

‘বাল্য বিবাহ মুক্ত ভারত’ গঠনে সরকার প্রতিজ্ঞাবদ্ধ। এই নিয়ে স্পটলাইট-এ এবারের অনুষ্ঠান- **‘বাল্য বিবাহ মুক্ত ভারত’**।

এতে অংশ নিয়েছেন হাওড়া জেলার শিশু কল্যাণ সমিতি CWC র চেয়ারপারসন চন্দ্রিমা চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

**অনুষ্ঠানটির প্রথম পর্ব** শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ কলকাতা-র সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে আগামী রবিবার রাত সাড়ে আটটায়, সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ কলকাতা-র সোশ্যাল মিডিয়াতে।

-------------------------

নানা অনুষ্ঠানে আজ বিশ্ব পরিবেশ দিবস উদযাপিত হচ্ছে। এবছর দিনটি পালনের মূল ভাবনা- ‘প্লাস্টিক দূষণ রোধ’।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীকে জীব বৈচিত্র্য সংরক্ষণ ও সুরক্ষায় অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান।

পরিবেশ দিবসের মূল অনুষ্ঠানটি হয় নিউটাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে। ‘রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও পরিবেশ দপ্তর আয়োজিত ঐ অনুষ্ঠানে পরিবেশ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য বলেন, দূষণ প্রতিরোধে রাজ্য সরকার পুনর্ব্যবহারযোগ্য প্লাস্টিক বাধ্যতামূলক করার ওপর জোর দিচ্ছে। কলকাতায় বায়ু দূষণের হার কমিয়ে আনা ও নমামি গঙ্গে প্রকল্পের আওতায় হুগলী নদীর দূষণ হারে লাগাম টানার কথাও উল্লেখ করেন তিনি।

বাইট

পরিবেশ দিবসে কলকাতার বিভিন্ন এলাকায় গাছ লাগান নগরপাল মনোজ ভার্মা।

কংগ্রেসের শ্রমিক সংগঠন আইএনটিইউসি-র সেবাদল আজ এই উপলক্ষে বৃক্ষ রোপণ কর্মসূচী পালন করে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অনুষ্ঠানে গাছ লাগান, প্রাণ বাঁচান এই স্লোগানকে বাস্তবায়িত করার আহ্বান জানান।

পূর্ব রেলের হাওড়া ডিভিশন, পরিবেশ দিবসে প্লাস্টিকের ব্যবহার সম্পর্কে সচেতনতার লক্ষ্যে দুদিন ব্যাপী প্রচার অভিযান শুরু করেছে।

কলকাতা পুরসভার উদ্যোগে পরিবেশ সচেতনতার বার্তা দিতে এক অনুষ্ঠানে চারা গাছ রোপণ করেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরাহদ হাকিম। তিনি বলেন, পরিবেশ সুরক্ষার কাজের স্বীকৃতি স্বরূপ কেন্দ্র কলকতা পুরসভাকে ১৬৮ কোটি টাকা দিয়েছে। দেশের তিনটি শহরের মধ্যে কলকাতা পুরসভার এই স্বীকৃতি অত্যন্ত গৌরবের। পুরভবনের সামনে থেকে এই উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্রায় বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা অংশ নেয়।

পরিবেশ দিবস নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

--------------------------

গ্রামাঞ্চলের নিকাশি, জঞ্জাল অপসারণ সহ সামগ্রিক পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকার মিশন নির্মল বাংলা প্রকল্পের মত একাধিক প্রকল্প হাতে নিচ্ছে। নিকাশি, জঞ্জাল অপসারণ এবং ধূসর জল ব্যবস্থাপনার মতো একাধিক খাতে মোট ৪১০ কোটি টাকার প্রকল্প রূপায়ণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রশাসনিক সূত্রে খবর, এই অর্থে গ্রামীণ পরিকাঠামোর দ্রুত উন্নয়নের পাশাপাশি সাধারণ মানুষের মৌলিক নাগরিক সুবিধা পৌঁছে দিতে জোর দেওয়া হচ্ছে।

গত ২০২৪-২৫ অর্থবর্ষে এই খাতে রাজ্যে প্রায় ৮৫০ কোটি টাকার পরিকাঠামো তৈরি হয়েছে। এবছর সেই তুলনায় আরও বেশি কাজের লক্ষ্যমাত্রা নিয়েছে সরকার। চলতি আর্থিক বছরের শুরুতেই ৫০ কোটি টাকার প্রকল্পে কাজ শুরু হয়েছে। এবার নেওয়া হচ্ছে আরও ৪০০ কোটি টাকার নতুন প্রকল্প। এই অর্থের ৬০ শতাংশ দেবে কেন্দ্র এবং ৪০ শতাংশ রাজ্য সরকার।

------------------------

ঈদ উল আজহা উপলক্ষ্যে ভারত বাংলাদেশের মধ্যে সংযোগকারী পেট্রাপোল-বেনাপোল সীমান্ত দিয়ে আমদানি রপ্তানী ১০ দিন বন্ধ থাকছে। আজ থেকে শুরু হয়ে এই নিষেধাজ্ঞা চলবে আগামী শনিবার ১৪ ই জুন পর্যন্ত। ১৫ তারিখ থেকে পরিষেবা ফের চালু হবে বলে জানানো হয়েছে।

------------------------

তীব্র বজ্রপাতের কারণে পশ্চিম মেদিনীপুর জেলায় বেলদা ডিভিশনের বিভিন্ন এলাকায় বিদ্যুত্ সরবরাহ ব্যাহত। দাঁতন ১ নম্বর ব্লকের ভদ্রা, মধুবাইচা, ভুরাঙ্গি, আনিকোলা এবং মোহনপুর ব্লক এলাকায় এই বিদ্যুৎ বিভ্রাট দেখা দিয়েছে। বেশ কিছু জায়গায় বিদ্যুতের খুঁটি ভেঙে উপড়ে পড়েছে। তবে খারাপ আবহাওয়ার জন্য মেরামতি ও পুনরুদ্ধারের কাজ ব্যাহত হচ্ছে। আবহাওয়ার উন্নতি হলেই ক্ষতিগ্রস্ত এলাকায় পশ্চিমবঙ্গ বিদ্যুত্ বন্টন সংস্থার কর্মীরা মেরামতির কাজ শুরু করবে বলে জানা গেছে।

এদিকে, কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন এলাকায় আজও ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কলকাতা ছাড়াও দুই ২৪ পরগণা, হাওড়া, পুরুলিয়া ও বাঁকুড়ায় হাল্কা থেকে মাঝারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। সেই সঙ্গে

ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে। কলকাতা ও সংলগ্ন এলাকায় ইতোমধ্যেই শুরু হয়েছে বৃষ্টি।

ফলে অসহ্য গরমের হাত থেকে কিছুটা স্বস্তি মিলেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনয়া যা ২ ডিগ্রি কম।

------------------------ ------------------------